



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল
www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/বিঅ/২০১৮/২২৮৯


তারিখঃ ২৫/০২/২০১৮ খ্রি.

বিষয়ঃ সুস্থ ও মেধাবী জাতি গঠনে মাধ্যমিক ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শিক্ষার্থীদের প্রাণিজ আমিষ গ্রহণের বিষয়ে সচেতনতা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৩.১৩.৫১ তারিখঃ ১৯ মার্চ ১৪২৪ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

অত্র বোর্ডের আওতাধীন মাধ্যমিক বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকগণ এবং বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতিদের সূত্রোক্ত স্মারকের পরিপত্রটি (অত্র সাথে সংযুক্ত) অনুসরণ করার জন্য বলা হলো।

০২। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই পত্র ইস্যু করা হলো।


বিদ্যালয় পরিদর্শক


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।

barisalboard@gmail.com

সভাপতি
ম্যানেজিং কমিটি

ও
প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়।


১৮/০২/১৮

শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

পরিপত্র

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৩.১৩. ১১

তারিখ : ১৯ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : সুস্থ ও মেধাবী জাতি গঠনে মাধ্যমিক ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীদের প্রাণিজ আমিষ গ্রহণের বিষয়ে সচেতনতা বৃদ্ধিকরণ।

দেশের মাধ্যমিক ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের সূনাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে লেখাপড়া ও খেলাধুলার পাশাপাশি সুস্থ, মেধাবী ও সবল করে গড়ে তোলা অপরিহার্য। শিশুদের শারীরিক ও মানসিক সুস্থতার জন্য খাদ্যাভ্যাস অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এ ক্ষেত্রে প্রাণিজ আমিষের গুরুত্ব অপরিসীম। শিশুদের মধ্যে প্রাণিজ আমিষ সমৃদ্ধ ডিম ও দুধ খাওয়ার প্রতি যথেষ্ট অনীহা রয়েছে মর্মে পুষ্টিবিদগণ মনে করছেন।

২.০ এমতাবস্থায়, সুস্থ, সবল ও মেধাবী জাতি গঠনে মাধ্যমিক ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিয়মিত ডিম ও দুধ খাওয়ার বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন।

৩.০ শিক্ষার্থীদের সুস্বাস্থ্য ও মেধা বিকাশের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

৩.১ ম্যানেজিং কমিটি/গভর্নিং বডিসহ বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ নিজ নিজ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদেরকে নিয়মিত প্রাণিজ আমিষ গ্রহণের বিষয়ে সচেতন করতে যথাযথ কার্যক্রম গ্রহণ করবেন;

৪.০ জনস্বার্থে জারীকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

তারিখ: ০১.০২.২০১৮

(মোঃ সোহরাব হোসাইন)


সচিব

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৩.১৩. ১২

তারিখ : ১৯ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব [প্রঃ ও অর্থ/উন্নয়ন/কলেজ/বিশ্ববিদ্যালয়/মাধ্যমিক (সরকারি-বেসরকারি)], মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৪. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৫. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, কাকরাইল, ঢাকা
৬. যুগ্ম-সচিব (মাধ্যমিক-বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/দিনাজপুর।
৮. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
৯. মাননীয় মন্ত্রীর এজন্য সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১০. জেলা প্রশাসক(সকল)
১১. পুলিশ সুপার(সকল)
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৩. উপজেলা নির্বাহী অফিসার.....(সকল)
১৪. তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
১৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল).....
১৭. জেলা শিক্ষা অফিসার(সকল)
১৮. ভারপ্রাপ্ত থানা কর্মকর্তা.....(সকল)
১৯. সভাপতি/অধ্যক্ষ/প্রধান শিক্ষক,(পরিপত্রের নির্দেশনা বাধ্যতামূলকভাবে অনুসরণ করার জন্য)।


(সচিব জাহান)
০১.০২.২০১৮